

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date :13-12-2024**  
**Time: 07.35-07.40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**One Nation, One Election :**

কেন্দ্রীয় মন্ত্রিসভা 'এক দেশ, এক নির্বাচন' বিল অনুমোদন করেছে, যার লক্ষ্য সারা দেশে একযোগে নির্বাচন করা। জানা গেছে যে বিলটি আগামী সপ্তাহে সংসদে পেশ করা হতে পারে। উল্লেখ্য, প্রাক্তন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দের সভাপতিত্বে গঠিত উচ্চ পর্যায়ের কমিটি রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সঙ্গে দেখা করে গত ১৪ই মার্চ এক দেশ এক নির্বাচন সংক্রান্ত প্রতিবেদন পেশ করে। এদিকে, প্রাক্তন রাষ্ট্রপতি শ্রী কোবিন্দ বলেছেন, দেশের স্বার্থে এক দেশ এক নির্বাচনের সিদ্ধান্ত গুরুত্বপূর্ণ।

\*\*\*\*\*

**CM:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন ত্রিপুরা রাজ্যের গ্রামীণ অর্থনীতিকে শক্তিশালী করতে প্রাণী সম্পদের ভূমিকা অনস্বীকার্য। প্রাণীপালনের মাধ্যমে জীবিকা নির্বাহ তথা সামাজিক-অর্থনৈতিক উন্নতিতে স্ব-সহায়ক দলগুলির সক্রিয় অংশ গ্রহন করা অত্যন্ত জরুরী। বিভিন্ন স্ব-সহায়ক গোষ্ঠীর সদস্যরা যারা পশুসখী হিসেবে নিয়োজিত, তারা প্রাণী স্বাস্থ্যের প্রাথমিক পরিষেবা প্রদানে এক্রিডিটেড এজেন্ট ফর হেলথ এন্ড এক্সটেনশন অফ লাইভস্টক প্রোডাকশন অর্থাৎ এ হেল্প (A-HELP) এর স্বীকৃত প্রতিনিধি হিসেবে কাজ করবেন। এর আগে গতকাল প্রজ্ঞাভবনে প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের উদ্যোগে আয়োজিত এ হেল্প (A-HELP) প্রোগ্রামের উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী। রাজ্যের প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের মন্ত্রী সুধাংশু দাস বলেন National

Dairy Development Board এর সহায়তায় নির্বাচিত পশু-  
সখীদের ১৬ দিনের বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে।

\*\*\*\*\*

**CM-Nalchar :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা গতকাল সিপাহীজলা জেলার  
নলছড়ে দশমীঘাট মাঠে নলছড় বিধানসভা এলাকার ৩০০০  
সুবিধাভোগীর মধ্যে বিভিন্ন সরকারি সুবিধা প্রদান, বিধায়ক উন্নয়ন  
তহবিল থেকে একটি এম্বুলেন্স ও স্বাস্থ্য পরিষেবার উন্নয়নে  
মোবাইল টেস্টিং ভ্যানের উদ্বোধন করেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী  
বলেন, রাজ্যের গ্রামীণ এলাকার জনগণের জীবনযাত্রার মান  
উন্নত করাই রাজ্য ও কেন্দ্রীয় সরকারের মুখ্য উদ্দেশ্য।

\*\*\*\*\*

**TRBT Notification :**

টিচার্স রিক্রুটমেন্ট বোর্ড অর্থাৎ টি.আর.বি.টি ১ হাজার ৫৬৬  
জন শিক্ষক নিয়োগের জন্য গতকাল বিজ্ঞপ্তি জারি করেছে। এর  
মধ্যে অস্নাতক শিক্ষকের ১ হাজার ৯৯টি পদ ও স্নাতক শিক্ষকের  
৪৬৭টি পদে নিয়োগ করা হবে। টিআরবিটি'র বিজ্ঞপ্তিতে  
জানানো হয়েছে, আগামী চৌঠা জানুয়ারী থেকে ১০ই জানুয়ারী  
পর্যন্ত অনলাইনে আবেদনপত্র গ্রহণ করা হবে।

\*\*\*\*\*

**PM, Ujjwala :**

কেন্দ্রীয় সরকার গতকাল জানিয়েছে, প্রধানমন্ত্রী উজ্জ্বলা  
যোজনার দ্বিতীয় পর্বে ২০২৩- ২৪ থেকে ২০২৫-২৬ অর্থবছরে  
দেশে ১ কোটি ৬০ লক্ষ এলপিগি সংযোগ দেওয়া হয়েছে।

লোকসভায় একটি প্রশ্নের লিখিত উত্তরে, পেট্রোলিয়াম ও  
প্রাকৃতিক গ্যাস প্রতিমন্ত্রী সুরেশ গোপী জানান যে ২০২৫-২৬  
এর নির্ধারিত করা লক্ষ্যমাত্রা এই বছরের জুলাই মাসে অর্জিত

হয়েছে। তিনি উল্লেখ করেন যে উজ্জ্বলা যোজনা ২০১৬ সালের মে মাসে সারাদেশের দরিদ্র পরিবারের মহিলাদের আমানত-মুক্ত এলপিগি সংযোগ দেওয়ার লক্ষ্যে চালু করা হয়েছিল।

\*\*\*\*\*

#### **Awareness Meeting:**

দক্ষিণ জেলার সীমান্তে ১৬৩ ধারা জারি করেছেন দক্ষিণ জেলার জেলা শাসক। রাত ৮ টা থেকে ভোর ৫ টা পর্যন্ত এই ধারা বলবৎ থাকবে। এই সময়ে বিনা করানে সীমান্তে না যেতে এবং কোনরকম গুজবে কান না দিয়ে পুলিশ ও বিএসএফকে সহযোগিতা করতে সাব্রুমের মহকুমা পুলিশ আধিকারিক নিত্যনন্দ সরকার জানান। গতকাল সাব্রুমের সীমান্ত গ্রাম শ্রীনগর বাজারে আয়োজিত এক সচেতনতা সভায় তিনি একথা বলেন।

\*\*\*\*\*

#### **koushal mela:**

সাব্রুম মহকুমার পোয়াংবাড়ি ব্লকে ব্লকভিত্তিক কৌশল মেলা গতকাল অনুষ্ঠিত হয়। মেলার সূচনা করেন দক্ষিণ জেলা পরিষদের সভাপতি দীপক দত্ত। পোয়াংবাড়ি পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন মনিবালা বৈদ্য, বিডিও তন্ময় দেবনাথ প্রমুখ উপস্থিত ছিলেন। কৌশল যোজনার সুযোগ সুবিধা গ্রহন করতে স্ব-সহায়ক দলের সদস্যদের আহ্বান জানান জেলা সভাপতি সহ উপস্থিত অতিথিরা।

\*\*\*\*\*

#### **Woman Cricket:**

মহিলাদের জাতীয় সিনিয়র ক্রিকেটের সীমিত ওভারের আসরে ত্রিপুরা গ্রুপের চতুর্থ ম্যাচে জয়লাভ করেছে। হরিয়ানার লাহালির বংশীলাল ক্রিকেট একাডেমিতে গতকাল অনুষ্ঠিত খেলায় রাজ্যদল ১ রানে রাজস্থানকে হারিয়ে দেয়।

\*\*\*\*\*

**School Judo:**

জাতীয় স্কুল জুডো প্রতিযোগিতার অনূর্ধ্ব ১৭ বছরের বালিকা বিভাগের লড়াইয়ে প্রথম দিনে দুটি ব্রোঞ্জ পদক পেলো ত্রিপুরা। আগরতলার এন এস আর সি সি'র ইন্ডোর হল-এ অনুষ্ঠিত ৪৪ কেজি ওজন বিভাগে রাজ্যের ইন্দ্রানী দাস এবং ৪০ কেজি ওজন বিভাগে ঝুমা আক্তার রাজ্যকে দুটি পদক এনে দেয়।

\*\*\*\*\*

**Weather :**

আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আজ আকাশ পরিষ্কার থাকবে। সকালের দিকে ঘন কুয়াশা ছিল। সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৩.৫ ডিগ্রি সেলসিয়াস। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৩ ডিগ্রি ও সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে।

\*\*\*\*\*

\*\*\*\*\*